Office of the Executive Engineer
Dhaka O&M Division-1, BWDB.
WAPDA Building (7th floor);
Motijheel, Dhaka-1000.
Telephone No. 9551371
Email: xen.dhaka1.bwdb@gmail.com
xen.dhaka1@bwdb.gov.bd

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

www.bwdb.gov.bd

নির্বাহীপ্রকৌশলীরকার্যালয়
ঢাকাপওর বিভাগ-১, বাপাউবো
ওয়াপদা ভবন, (৮ম তলা)
মতিঝিল, ঢাকা-১০০০।
ফোন-৯৫৫১৩৭১ (অ)

স্মারক নং- ৮৮৩ নি:প্র:/ডি-১ তারিখ: ২২/৮/২২ইং

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহের তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা পওর বিভাগ-১,বাপাউবো, ঢাকা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং ৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪ তারিখ: ২০/০৭/২২০২০ খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি জন্য নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র ( র‍্যাক), বাপাউবো, ঢাকার অনুকূলে করত: অত্র দপ্তরের প্রাক্কলন/উচ্চমান সহকারী শাখায় দাখিলের মাধ্যমে প্রাক্কলন শাখা হতে নতুন আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। নতুন ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্দ্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় ও গ্রহন এবং নবায়নের আবেদন গ্রহন করা হবে না।

### ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের তফসিল (নতুন):

| ক্রমিক নং | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তির ধরন। | তালিকাভুক্তির ফরম বিক্রয় আরম্ভের তারিখ। | তালিকাভুক্তির ফরম বিক্রয়ের শেষ তারিখ। | তালিকাভুক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ। |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | ২৩/০৮/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য) | ২৩/০৮/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ |

### ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসিল:

| ক্রমিক নং | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের ধরন | নবায়নের আরম্ভের তারিখ। | নবায়নের শেষ তারিখ | তালিকাভুক্তি নবায়নের সর্বশেষ তারিখ। |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | ২৩/০৮/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য) | ২৩/০৮/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ | ১৫/০৯/২০২২ খ্রিঃ |

### নতুন ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির শর্তাবলী :

১. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।
২. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের BIN Certificate প্রদান করতে হবে।
৩. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের TIN Certificate প্রদান করতে হবে।
৪. আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির এন আই ডি এবং ৩(তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।
৫. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ৩০.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি প্রদান করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট/ ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।
৬. বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০(তিন শত ) টাকর নন- জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
৭. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি আবেদন প্রাক্কলন/ উচ্চমান সহকারী এর শাখায় জমা প্রদান করতে হবে।
৮. ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি জন্য প্রাপ্ত আবেদনসমূহ Enlistment Committee এর যাচাই বাছাই করার পর উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তির ফি প্রদানের জন্য তালিকা প্রকাশ করা হবে।

৯. ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে।

১০. ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির কার্যক্রম নির্দ্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন গ্রহন করা হবে না।

**ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের শর্তাবলী:**

১. ঠিকাদার/ সরবরাহকারী নবায়ন আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

২. ঠিকাদার/ সরবরাহকারী নবায়ন আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের BIN Certificate প্রদান করতে হবে।

৩. ঠিকাদার/ সরবরাহকারী নবায়ন আবেদনের সাথে ২০২২-২৩ অর্থ বছরের TIN Certificate প্রদান করতে হবে।

৪. **উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র ( র‍্যাক), বাপাউবো, ঢাকা** এর অনুকূলে নবায়ন ফি বাবদ ২০০০.০০( দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০( তিনশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতঃ স্ব-স্ব প্রতিষ্ঠানের পেডে নবায়নের আবেদন অত্র দপ্তরের প্রাক্কলন/উচ্চমান সহকারী শাখায় জমা প্রদান করতে হবে।

৫. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে।

৬. ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের কার্যক্রম নির্দ্ধারিত তারিখ ও সময়ের পর নবায়নের আবেদন গ্রহন করা হবে না।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহন ও বাতিল করার ক্ষমতাবান।

22.08.22

(রণেন্দ্র শংকর চক্রবর্ত্তী)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা পওর বিভাগ-১
বাপাউবো, ঢাকা।

22/08/2022

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, পানি ভবন, লেভেল-৬, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, প্রচার সেল , পানি ভবন, বাপাউবো, ঢাকা।বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ০১টি বাংলা ও ০১টি ইংরেজি জাতীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৫। সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, পানি ভবন, বাপাউবো, ঢাকা(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)

৬। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।

৭। উপ-বিভাগীয় প্রকৌশলী (সকল), ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

৮। সহকারী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

৯। প্রাক্কলনিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

১০। উচ্চমান সহকারী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

১১। ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান........................................................................................।